

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৬৬.০১.১২.১৮-১০৬

তারিখ: ০১ শ্রাবণ, ১৪২৬
১৬ জুলাই, ২০১৯

বিষয়: নোয়াখালী জেলার সদর উপজেলাধীন নোয়াখালী কারামতিয়া কামিল মাদরাসার সহকারী মৌলভী জনাব মোহাম্মদ উল্যাহ এবং আবু নোমান মো: আব্দুর রব এর অডিট আপত্তি(DIA এর) বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত ডিজি, ডিএমই এবং পরিচালক, ডিআইএ এর মতামত গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (I) ডিআইএ এর স্মারক নং-ডিআইএ/নোয়াখালী/৭-এম/চট:১৪৫১
(II) মাউশির স্মারক নং-৯এ/১০৬/অডিট/২০১১/২৪১
(III) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:৫/ব্রডশিট-২৯/২০১২-৩৩৯

তারিখ: ২৭.০৩.২০১১ খ্রি:।
তারিখ: ০১.০৬.২০১৪ খ্রি:।
তারিখ: ৩০.০৬.২০১৪ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নোয়াখালী কারামতিয়া কামিল মাদরাসার সহকারী মৌলভী জনাব মোহাম্মদ উল্যাহ বিষয়ে ডিআইএ কর্তৃক উত্থাপিত অডিট আপত্তি {সূত্র (I)} নিষ্পত্তির নিমিত্ত উদ্যোগ গ্রহণকালে অডিট আপত্তিতে কিছু অস্পষ্টতা থাকায় তা নিরসন করা যাচ্ছেনা।

০২. উপরিউক্ত আপত্তি নিষ্পত্তির নিমিত্ত পদক্ষেপ গ্রহণের জন্য নিম্নবর্ণিত বিষয়গুলো স্পষ্ট হওয়াসহ ডিজি, ডিএমই এবং পরিচালক ডিআইএ এর মতামত প্রয়োজন-

ক) সহকারী মৌলভী জনাব মোহাম্মদ উল্যাহ কর্তৃক কোন আইন/বিধি/সার্কুলারের বিধান ভঙ্গ করে অতিরিক্ত টাকা গৃহীত হয়েছে তা ডিআইএ এর রিপোর্টে উল্লেখ করা হয়নি, বিধায় বিষয়টি অস্পষ্ট। জনাব মোহাম্মদ উল্যাহ কোন আইন/বিধি/সার্কুলার ভঙ্গ করে অতিরিক্ত টাকা উত্তোলন করেছেন তা স্পষ্টিকরণ এবং সে সাথে যে কোন আপত্তি উত্থাপনের ক্ষেত্রে আপত্তির সমর্থনে আইন/বিধি/সার্কুলার উল্লেখ করার জন্য (পরবর্তী রিপোর্টগুলোতে) পরিচালক, ডিআইএ-এর মতামত এবং নির্দেশনা প্রয়োজন।

খ) জনাব আবু নোমান মো: আব্দুর রব সহকারী গ্রন্থাগারিক হিসেবে ২১/১০/৯২ খ্রি: তারিখে উক্ত প্রতিষ্ঠানে যোগদানকালে (একই তারিখে এমপিও ভুক্তিকালে) গ্রন্থাগার বিজ্ঞানে কোন সনদ ছিল না। যথাযথ শিক্ষাগত যোগ্যতা না থাকা সত্ত্বেও চাকুরীতে যোগদান, এমপিও ভুক্তি এবং তা চলমান থাকা সঠিক এবং আইনানুগ কিনা এ বিষয়ে ডিজি, ডিএমই-এর মতামত (উক্ত ব্যক্তির জন্য প্রযোজ্য আইন/বিধি/সার্কুলারের আলোকে) প্রয়োজন।

ঘ) সহকারী মৌলভী জনাব মোহাম্মদ উল্যাহ এবং জনাব আবু নোমান মো: আব্দুর রব (সহকারী গ্রন্থাগারিক) এর বিরুদ্ধে ডিআইএ কর্তৃক উত্থাপিত আপত্তির বিষয়ে (আপত্তির সঠিকতা বিষয়ে) ডিজি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মতামত প্রয়োজন।

০৩. এমতাবস্থায় উপরিউক্ত মতে মতামত (ভবিষ্যত পরিদর্শনের সময় পরিদর্শনকারীগণকে নির্দেশনাসহ) আগামি ৩০.০৭.২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করার জন্য ডিজি, ডিএমই এবং পরিচালক, ডিআইএ কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪৭

(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন: ৯৫৭৫২৭২.

০১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩/৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

০২. পরিচালক
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।

নং-৫৭.০০.০০০০.০৬৬.০১.১২.১৮-১০৬

তারিখ: ০১ শ্রাবণ, ১৪২৬
১৬ জুলাই, ২০১৯

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩. অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪. যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫. উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬-০৭. অফিস কপি/ মাস্টার কপি।

১৬.০৭.১৯

(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)